



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
পার্সোনেল শাখা
www.bgfcl.gov.bd

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.১০.১২১৩.০০০.০৩৩.০১.০০০০.২৬.১২৫

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় এর পরিপত্র অনুযায়ী এ কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণকে নিজ অফিস কক্ষে আবশ্যিক অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) প্রতিদিন সকাল ৮:০০টা থেকে ৮:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- (খ) দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- (গ) অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- (ঘ) এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- (ঙ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- (চ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- (ছ) অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- (জ) সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- (ঝ) জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে;
- (ঞ) অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং
- (ট) উক্ত নির্দেশনা প্রতিপালন/মনিটরিং এর জন্য সকল দপ্তর/সংস্থা/কার্যালয়কে ডিজিটাল টিম গঠন করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন/মনিটরিং এর লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সম্মুখে একটি ডিজিটাল টিম গঠন করা হলো:

১।	প্রকৌ. মোঃ আশরাফুল আলম, মহাব্যবস্থাপক (অপারেশন)	-	আহবায়ক
২।	প্রকৌ. মোঃ আব্দুর রফিক প্রামানিক, উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)	-	সদস্য
৩।	প্রকৌ. মোঃ ইমরান হোসেন, উপমহাব্যবস্থাপক(নরসিংদী)	-	সদস্য
৪।	প্রকৌ. বিনয় কুমার ঘোষ, উপমহাব্যবস্থাপক(হবিগঞ্জ)	-	সদস্য
৫।	প্রকৌ. মোঃ জাহিদ হোসেন চুল্লু, উপমহাব্যবস্থাপক (পাওয়ার জেনারেশন-তিতাস)	-	সদস্য
৬।	প্রকৌ. মোঃ ফরহাদ ইকবাল, উপমহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ)	-	সদস্য
৭।	জনাব লিপন মজুমদার, উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস)	-	সদস্য
৮।	জনাব মোহাম্মদ জোয়াদ আলী, উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা)	-	সদস্য-সচিব
৯।	প্রকৌ. মিজা আল-আমীন, উপমহাব্যবস্থাপক (মেঘনা)-চলতি দায়িত্ব	-	সদস্য
১০।	জনাব মোঃ হুমায়ন কবির, ফিল্ড ইনচার্জ, কামতা গ্যাস ফিল্ড	-	সদস্য

টিমের কার্যপরিধি (TOR):

ভিজিলাস উপর্যুক্ত নির্দেশনা অত্র কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল ফিল্ড/স্থাপনাসমূহে যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে এবং সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, দিক-নির্দেশনা প্রদান ও সময় সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এ বিষয়ে অবহিত করবে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



০৭-০৪-২০২৬
মোঃ হাবীবুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নম্বর: ২৮.১০.১২১৩.০০০.০৩৩.০১.০০০০.২৬.১২৫/১ (৫)

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড।
- ২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
- ৩। সকল উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিজিএফসিএল।
- ৪। ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল এবং
- ৫। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড।



০৭-০৪-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
উপমহাব্যবস্থাপক (প্রশাসন)